

**লটারী ইত্যাদি প্রকল্পে অংশগ্রহণের জন্য অর্থ প্রাপ্তি**  
**এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ২ (জুলাই ২৭, ২০০১)**

ভারতীয় রিজার্ভ ব্যাংক  
বিদেশী মুদ্রা বিনিময় বিভাগ  
কেন্দ্রীয় কার্যালয়  
মুম্বাই ৪০০ ০০১

এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ২

জুলাই ২৭, ২০০১

প্রতি  
বিদেশী মুদ্রার অনুমোদিত ব্যবসায়ীগণ

মাননীয় মহাশয়গণ,

**লটারী ইত্যাদি প্রকল্পে অংশগ্রহণের জন্য অর্থ প্রাপ্তি**

ভারতীয় রিজার্ভ ব্যাংকের এই বিষয় নজরে এসেছে যে কিছু বৈদেশিক প্রতিষ্ঠান ভারতীয়দের কাছে বিজ্ঞাপিত করছে যে তারা লটারী ইত্যাদিতে পুরস্কার লাভ করেছে এবং সেই জন্য কিছু মার্কিন ডলার পারিশ্রমিক স্বরূপ দূরবর্তী স্থানে পাঠানোর ব্যবস্থা করে।

২। অনুমোদিত ব্যবসায়ীদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে যে ভারত সরকারের বিজ্ঞপ্তি G.S.R. 381(E) তারিখ মে ৩, ২০০০ এর ১ নং তফসিলের ৩ নং দফায়, আন্তঃ কল্পিত নামে, দূরবর্তী স্থানে লটারীর টিকিট কেনার জন্য টাকা প্রেরণ নিষিদ্ধ করা হয়েছে। সেইজন্য, অনুমোদিত ব্যবসায়ীদের নির্দেশ দেওয়া হচ্ছে যে তারা যেন জন সাধারণ কে অবহিত করেন যে লটারী ইত্যাদি প্রকল্পে অংশগ্রহণের জন্য কোনো রকমভাবে বিদেশে টাকা পাঠানো করেন এন্ডচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯ অনুযায়ী নিষিদ্ধ। এছাড়াও এইধরনের বিধিনিষেধ লটারীর মতন প্রকল্পে যা ভিন্ন ভিন্ন নামে পরিচিত যেমন টাকা সঞ্চালন প্রকল্প অথবা নিশ্চিত টাকা বা পুরস্কার ইত্যাদি পাওয়ার জন্য বিদেশে টাকা প্রেরণের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

৩। এই বিজ্ঞপ্তিতে যে সমস্ত যে সমস্ত নির্দেশাবলী আছে তা ফরেন এন্ডচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯ (১৯৯৯-এর ৪২ নং)-এর ধারা ১০(৪) এবং ধারা ১১(১) অনুযায়ী। এই সমস্ত নির্দেশাবলী লঙ্ঘন করা বা মেনে না চলা এই বিধি অনুযায়ী জরিমানা স্বরূপ।

ইতি ভবদীয়  
কে. জে. উদেশি  
চীফ জেনারেল ম্যানেজার